দৈনিক সংবাদ

MAY 30 200

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# পার্বতীপুরে ক্যান্ট. পাবলিক স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্রে এসব কি হচ্ছে?

ভ্রাম্যমান প্রতিনিধি ঃ পাবর্তীপুর ক্যান্ট. পাবলিক স্কুল অ্যান্ড কলেজ ভেন্যু কেন্দ্রের পরীক্ষার্থীরা যাতে বিশেষ ব্যবস্থায় পরীক্ষা দিতে পারে, তা নিশ্চিত করার জন্য কেন্দ্র কর্তৃপক্ষ প্রথম থেকেই বিভিন্ন অনিয়ম করে চলেছে। শিক্ষা বোর্ডের নীতিমালা উপেক্ষা করে ক্যান্ট. পাবলিক স্কুল অ্যান্ড কলেজের পরীক্ষার্থীদের বিশেষ সুবিধার জন্য ভেন্যু কেন্দ্র করা হয়েছে একই ক্যাম্পাসে ক্যান্ট. বোর্ড স্কুলে। কেন্দ্রে কক্ষ পরিদর্শকের জন্য পার্শ্ববর্তী কলেজের ১৭ জন শিক্ষকের তালিকা চূড়ান্ত করা হলেও পরবর্তীকালে আরও অতিরিক্ত ১০ জন শিক্ষককে কক্ষ পরিদর্শকের তালিকাভুক্ত করা হয়, যা অপ্রয়োজনীয়। এইচএসসি পরীক্ষার প্রথম দিনে তালিকাভুক্ত ১৭ জনের মধ্যে মাত্র ২ জন শিক্ষককে কক্ষ পরিদর্শকের দায়িত্ব দেয়া হয়। অথচ দ্বিতীয় দফায় পছন্দের তালিকাভুক্ত ১০ জনের মধ্যে ৫/৬ জন শি... করে ক্যান্ট. বোর্ড স্কুলের ৪ জন শিক্ষককে বিশেষ কারণে কক্ষ পরিদর্শকের দায়িত্ব দেয়া হয়। এ নিয়ে অসন্তোষ দেখা দিলে ১৭ জনের মধ্যে ৭ জনকে কক্ষ পরিদর্শকের সুযোগ দেয়া হয়। একজন ইংরেজি ২য় পত্রের পরীক্ষায় নকলের দায়ে ১ ছাত্রকে বহিষ্কার করলে কর্তৃপক্ষ ক্ষুব্ধ হয়। পরে ওই শিক্ষককে সকল পরীক্ষায় কক্ষ পরিদর্শকের দায়িত্ব থেকে বাদ দেয়া হয়। শুধু তাই নয় পরীক্ষার হলে নকলে বাধা দিতে পারে এমন শিক্ষকদেরও কক্ষ পরিদর্শকের সুযোগ দেয়া হচ্ছে না। অথচ পরবর্তী সব পরীক্ষায় কক্ষ পরিদর্শকের সুযোগ পেয়েছেন পছন্দের তালিকার ৫/৬ জন শিক্ষক। ভেন্যু কেন্দ্রটি শহর থেকে দূরে হওয়ায় বাইরের ভিজিলেন্স টিম খুব কম পরিদর্শনে যায় বলে অভিযোগ পাওয়া গেছে। এসব অনিয়ম ও অভিযোগের